otal No. of Printed Pages—5

**5 SEM TDC BNL M 3**

**2015**

( November )

BENGALI

( Major )

Course : 503

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

**প্রথম একক** (1st Unit)

( মূল্যাঙ্ক : ২৫ )

১। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) 'মুক্তির ডাক' একাঙ্কখানি ইংরেজী কত সালে প্রকাশিত?

(খ) নাট্যকার 'মুক্তির ডাক' নাটকখানি কাকে উৎসর্গ করেছেন?

(গ) "গৃহস্বামিনী এক কিশোরী।" কে এই কিশোরী?

(ঘ) "বিজয়িনী অম্বার মনোবাসনা ষোলকলা পূর্ণ হলো। স্বামী মনোদুঃখে গৃহত্যাগ করলেন। আমি আমার প্রণয়াস্পদকে দুই সিংহাসনেই সুপ্রতিষ্ঠিত করতে পারলাম ...।" বক্তা কে?

*( Turn Over )*

২। একাঙ্ক নাটক হিসাবে 'মুক্তির ডাক'-এর সার্থকতা বিচার কর। ১৩

অথবা

"অম্বা বারাঙ্গনা-শ্রেষ্ঠা হলেও মাতৃত্বকে অস্বীকার করতে পারেনি।" মন্তব্যের অনুসরণে অম্বা চরিত্রটি বিশ্লেষণ কর। ১৩

৩। সংক্ষেপে উত্তর দাও : ৪×২=৮

(ক) "বিম্বিসার—বিম্বিসার—পদ্মা তবে আমারই কন্যা। আমি তবে নিজের গর্ভের সন্তানকে হত্যা করেছি। তুমি কি করেছ? তুমি কি করলে? এ কথা তুমি পূর্বে আমায় বললে না কেন?" বক্তা কে? কাকে উদ্দেশ্য করে এবং কোন্ প্রসঙ্গে বক্তা এরূপ প্রতিক্রিয়া প্রকাশ করেছে?

(খ) "আদর যত্ন সোহাগ,—সে আমার কাছে কিছুই পায়নি —যদি কিছু পেয়ে থাকে তবে সে শুধু নির্যাতন। তবু স্ত্রী হয়েও আমার মনস্তুষ্টির জন্য আমার পাপ প্রবৃত্তির মূল্য এতদিন সেই-ই যুগিয়ে এসেছে—আজও—।" কার উক্তি? কাকে উদ্দেশ্য করে এবং কখন বক্তা এ কথা বলেছে?

## দ্বিতীয় একক (2nd Unit)

( মূল্যাঙ্ক : ৩০ )

৪। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) 'জ্বালা' নাটকের বধূ চরিত্রটির আসল নাম কি?

(খ) 'অশ্বত্থামা' নাটকের কৃতবর্মা কোন্ রাজ্যের রাজা ছিলেন?

(গ) 'শতাব্দীর পদাবলী' কার রচনা?

(ঘ) অশ্বত্থামা কাদের হত্যা করতে চেয়েছিলেন?





৫। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

(ক) 'অশ্বত্থামা' নাটকের চরমোৎকর্ষ (climax) কোথায় তা যুক্তিসহ বিচার করে দেখাও।

(খ) "আজকের যুবসমাজ যে কীরূপ উদ্ধত, বেপরোয়া, দুর্ভাষী এবং সকল প্রকার মূল্যবোধে অবিশ্বাসী, তার রূঢ় বাস্তব চিত্র ফুটিয়ে তোলা হয়েছে 'শতাব্দীর পদাবলী' নাটকে।" আলোচনা কর।

(গ) কৃতবর্মার চরিত্র বিশ্লেষণ কর।

৬। সংক্ষিপ্ত উত্তর দাও ( যে-কোন একটি ) : ৪

(ক) "সেদিন শতাব্দীর পদাবলী মাথুরের বিরহে শেষ হবে না। সেদিন শতাব্দীর পদাবলী গাইবে মিলনের গান, বেঁচে থাকার আহ্বান, সংগ্রামের জন্যে শপথ।" বক্তা কে? কোন্ প্রসঙ্গে বক্তা এই আশার বাণী শুনিয়েছেন?

(খ) "মহারাজ, আঠারো দিনে হাজার মানুষ মেরেছি। তারা কেঁদেছে—ছুটেছে—বাঁচাও—বাঁচাও ... বাঁচতে দিইনি। অথচ যাদের মারার কথা—সেই পঞ্চপাণ্ডব কিন্তু বেঁচে আছে। তারা জয়ী।" কার উক্তি? বক্তা কার কাছে, কখন এই মন্তব্য করেছে?

(গ) 'জ্বালা' নাটকের খোকা চরিত্রটি আলোচনা কর।



*(Turn Over)*

## তৃতীয় একক (3rd Unit)

( মূল্যাঙ্ক : ২৫ )

৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) 'টিনের তলোয়ার' নাটকটি ইংরেজী কত সালে প্রকাশিত?

(খ) ব্রিটিশ সরকার এদেশে 'অভিনয় নিয়ন্ত্রণ আইন' কবে প্রবর্তন করেছিল?

(গ) 'গ্রেট বেঙ্গল অপেরা'-র স্বত্বাধিকারীর নাম কি?

(ঘ) 'টিনের তলোয়ার' নাটকের ইংরেজ চরিত্রটির নাম কি?

৮। "সংস্কৃতির শোষণ, সমাজ শোষণ এবং রাষ্ট্র শোষণের বিরুদ্ধে বিদ্রোহের জ্বলন্ত মূর্তি হয়ে দেখা দিয়েছিল ... থিয়েটারওয়ালারাই। সেই থিয়েটারওয়ালাদেরই একজন কাপ্তেন বেণীমাধব চাটুজ্জে।" 'টিনের তলোয়ার' অনুসরণ করে বেণীমাধব চরিত্রটি আলোচনা কর। ১৩

*অথবা*

"নাট্যকার প্রিয়নাথ, প্রেমিক প্রিয়নাথ, ইয়ং বেঙ্গলের প্রতিনিধি প্রিয়নাথ—এইসব কিছুকে ছাপিয়ে স্পষ্ট এক প্রতিবাদী চরিত্র হয়ে উঠেছে প্রিয়নাথ।" মন্তব্যের ভিত্তিতে প্রিয়নাথ চরিত্রটি বিশ্লেষণ কর। ১৩





৯। সংক্ষেপে উত্তর দাও : ৪×২=৮

(ক) "যাকে ময়না ঘেন্না করে তার সঙ্গে জোর করে গাঁটছড়া বেঁধে দেয়ার চেয়ে মেয়েটাকে মেরে ফেলতেই পারো। নিজের মেয়ে হলে একাজ করতে পারতে না, বাবু।" কার উক্তি? কোন্ প্রসঙ্গে, কখন বক্তা এরূপ প্রতিক্রিয়া প্রকাশ করেছে তা তোমার নিজের ভাষায় লেখ।

(খ) "এই নাও নারীধর্ষক ইংরাজ হার্মাদ। আজ বছরের পর বছর আমার দেশরে যা দিয়েছ, এই নাও তার খানিকটা ফেরৎ নাও।" বক্তা কে? কখন বক্তা একথা বলেছিল?

★★★